



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১০ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর শারিরিক সুস্থতা কামনায় ২৪ নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড আওয়ামীলীগের মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

১০ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. বাদ আছর নগরীর ভান্ডার মার্কেটস্থ সৈয়দ হাসান আলী জামে মসজিদে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর শারিরিক সুস্থতা কামনায় ২৪ নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মোনাজাত পরিচালনা করেন মাওলানা মোহাম্মদ মহসিন। মোনাজাতে আল্লাহর দরবারে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন শারিরিক সুস্থতা সহ দেশ ও জাতির শান্তি ও স্থিতিশীলতা কামনা করা হয়। মোনাজাতে ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সৈয়দ মোহাম্মদ জাকারিয়া, কাউন্সিলর নাজমুল হক ডিউক, ওয়ার্ড আওয়ামীলীগের সহসভাপতি আবদুস সামাদ, মো. সাহাব উদ্দিন, সমাজ কল্যাণ সম্পাদক মো. ইউসুফ, মুক্তিযোদ্ধা কামাল উদ্দিন রহমানী, মো. আবছার, মো. মাসুদ, মো. মুখতার আহমদ, শফিউল আলম, যুবলীগ নেতা সৈয়দ মো. উমর ফারুক, মো. লিটন, মো. রাব্বি, সাজ্জাদ, সাকিল, ছাত্রলীগ নেতা মো. রেজা, মো. জহির, মো. আসিফ, মো. তারেক ও ওমর শরিফ সহ মুসল্লিরা অংশগ্রহণ করেন।

চট্টগ্রাম- ১০ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

### অসুস্থ মেয়রকে দেখতে গেলেন সড়ক পরিবহন শ্রমিক নেতৃবৃন্দ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র অসুস্থ আ জ ম নাছির উদ্দীনকে ৯ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. রাতে তাঁর বাসভবনে দেখতে আসেন সড়ক পরিবহন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ। এ সময় তারা মেয়রের পাশে অবস্থান করে তাঁর প্রতি সহমর্মিতা প্রকাশ করে চিকিৎসার খোঁজ খবর নেন। শ্রমিক নেতৃবৃন্দ মেয়রের সাথে মতবিনিময়ে তারা যানজট নিরসন, টার্মিনাল নির্মাণ সহ নানা বিষয়গুলো তুলে ধরেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন চার-পাঁচ তলা ৪টি গাড়ি পাকিং জোন নির্মাণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রকল্প প্রেরণের বিষয়টি শ্রমিক নেতাদের অবহিত করেন। মেয়রের সাথে সাক্ষাতের সময় পরিবহন শ্রমিক নেতা রুহুল আমিনা, মো. মুছা, রবিউল মওলা, অলি আহমদ, আবদুচ ছবুর, শফিকুর রহমান, আবদুল গফুর, ইকবাল হোসেন চৌধুরী, আবদুল নবি লেদু জহিরুল ইসলামসহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১০ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

### আগামীকাল ১১ সেপ্টেম্বর টাক্সফোর্স এর সভা অনুষ্ঠিত হবে

চট্টগ্রাম মহানগরীর প্রাকৃতিক খালসমূহ হতে অবৈধ দখলদারগণকে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা ও নিয়মিত মনিটরিং করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তার সমন্বয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার মন্ত্রণালয়ের গঠিত টাক্সফোর্স এর সভা আগামীকাল ১১ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. সোমবার, বিকাল সাড়ে তিন টায়, আন্দরকিল্লাস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের বাসভবনের ৬ষ্ঠ তলায় অনুষ্ঠিত হবে। সভায় কমিটির সকল সদস্যদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য কমিটির সদস্য সচিব অনুরোধ জানিয়েছেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম  
জনসংযোগ কর্মকর্তা